



স্বদেশ -৩
নীল~

বাউল তোমার একতারা একবার আমার হাতে দাও
শিখিয়ে দাও এক তারে কি করে হাজার সুর ওঠে
কি করে মাতাল করো নদী ও নারীর মন
ধানক্ষেত শালিকের সাথে কেমন সুরে কথা বলে

দেখ আমার বুকে একরাশ দুঃখ ব্যথা
জমে আছে গুমোট হয়ে
বাউল তোমার একলা তারের সুর
কেমন করে ব্যথার বাড় তুলে?
একবার শিখিয়ে দাও রাতের তারার সাথে
কেমন করে মিতালী পাতাও বাংলা মায়ের গানে?
একবার তুমি দীক্ষা দাও
একবার তুলে নাও তোমার সাথে
আমায় তুমি পথিক করো
যেতে দাও তোমার পায়ে পায়ে।
আমায় তুমি পথিক করো
একতারা দাও হাতে
গলায় আমার বাউল আনো
বাংলার সুর দাও প্রানে ।

১৪.১০.০৭
কুয়ালালামপুর